মেহেরপুরে কৃষক দলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মেহেরপুরে সংখ্যাগরিষ্ট কৃষক জনগোষ্ঠিকে সংগঠিত করার লক্ষে জেলা কৃষক দলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকালে জেলা শিল্প কলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন জেলা কৃষকদলের আহবায়ক মাহাবুবুর রহমান।

জেলা কৃষক দলের সদস্য সচিব মিজানুর রহমানের সঞ্চলনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক এমপি ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুণ।

তিনি বলেন, জুলাই বিপ্লবের রক্তপাতের মধ্য দিয়ে হাজারো ছাত্রজনতার রক্তে রঞ্জিত একটি সরকার এসেছে ঠিক, তবে গণতন্ত্রের সংগ্রাম শেষ হয়ে যায়নি। কেবলমাত্র হাসিনা পালিয়েছে গণতন্ত্রের সংগ্রাম এখনো পড়ে আছে। গণতন্ত্রের অন্যতম শর্ত ভোটের অধিকার। সেই ভোটের অধিকার যদি প্রতিষ্ঠা করতে আমরা ব্যর্থ হই জনগনের কোনো অধিকার প্রতিষ্ঠা লাভ করবে না। তিনি বলেন, যারা কৃষক শ্রমিক মেহনতি মানুষের কথা ভাবে যারা প্রান্তিক মানুষের কথা ভাববে সেইসব মানুষদেরকে পার্লামেন্টে নিয়ে আসতে হবে, তবেই কেবলমাত্র কৃষক সমাজের মেহনতি মানুষের মুক্তি সম্ভব।

সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কৃষকদলের কেন্দ্রীয় নেতা ও খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক মোঃ ওসমান আলী বিশ্বাস।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কৃষকদলের কেন্দ্রীয় দপ্তর সম্পাদক মোঃ শফিকুল ইসলাম শফিক, সহত্রাণ ও পুনর্বাসন সম্পাদক মোঃ আআখতারুজ্জামান সজল।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা কৃষকদলের আহবায়ক আজিজুল হক, সদস্য সচিব মেরাজ উদ্দিন, গাংনী উপজেলা কৃষক দলের আহবায়ক মোতালেব হোসেন, সদস্যসচিব মোখলেসুর রহমান, মুজিবনগর উপজেলা কৃষকদলের আহবায়ক আরমান আলী, সদস্যসচিব কুন্নত আলী ও কৃষকদল নেতা এস.এম মকিদুর রহমানসহ উপস্থিত নেতৃবৃন্দ।

মুজিবনগরে বিএনপির গনজমায়েত ও আলোচনা সভায়–আমিরুল ইসলাম

মুজিবনগর উপজেলায় বর্তমানে কিছু কাগজে নেতা আছে। যারা বিএনপিকে ধংস করতে চায়। তারা চার দেওয়ালে মধ্যে বসে কমিটি করে তারা হল কাগজে নেতা। তারা আওয়ামীলীগের নেতাকর্মীদের খুশি করতে চায়। তারা তাদের সাথে সমঝোতা করে চলতে চায়। তারা মনে করে হয়তো ২০ বছর পরেও হলেও আওয়ামীলীগ ক্ষমতায় আসবে।

আমি আপনাদের বলতে চায় আপনাদের জীবন দশায় আওয়ামীলীগকে ক্ষমতায় দেখতে পাবেন না। তাই কাগজে নেতা বাদ দিয়ে জনগনের কাছে মাপ চান। আর বলেন আমরা আজ থেকে কাগজে নেতা হতে চায় না। কাগজে নেতা বাদ দিয়ে জনগনের সাথে এক কাতারে থেকে জনগনের নেতা হতে চাই।

আপনারা যদি শহীদদের জিয়ার আদর্শে গড়া বাংলাদেশ জাতীয়তাবাদী দলকে ক্ষতিগ্রস্ত করার চেষ্টা করেন। আপনাদেরকেও ছাড় দেয়া হবে না। তাই আপনাদের বলতে চাই ভালো হয়ে যান জনগণের পাশে দাঁড়ান আগামী নির্বাচনে জাতীয়তাবাদী দলকে ভোটে জিতিয়ে বেগম খালেদা জিয়াকে প্রধানমন্ত্রী করে দেশ গড়ায় অংশগ্রহণ করেন। না হলে আপনাদের পরিনীতি খুবই খারাপ হবে।

আজ শুক্রবার (২২নভেম্বর) বিকালে মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস ৭ নং ওয়ার্ড বিএনপির আয়োজনে, সরকার বিরোধী সকল অপশক্তি এবং ষড়যন্ত্রের বিরুদ্ধে যে অঙ্গীকার তার প্রেক্ষিতে বিএনপির গন জমায়েত ও আলোচনা সভায় এসব কথা বলেন, অনুষ্ঠানের প্রধান অতিথি মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম।

গন জমায়েত ও আলোচনা সভায় বিএনপির প্রবীন নেতা বদরউদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম,সাধারন সম্পাদক ইসলাম আলী।

বক্তব্য রাখেন, ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল কাশেম, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক নাসির উদ্দীন,

মহাজনপুর ইউনিয়ন বিএনপি নেতা সাজেদুর রহমান সাজেদ, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি নেতা সাদী মাষ্টার, বিএনপি নেতা বায়োজিদ মাষ্টার, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, উপজেলা যুবদলের সাবেক সাধারন সম্পাদক হারুন অর রশিদ, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সভাপতি ইস্রাফিল ইসলাম, মুজিবনগর উপজেলা জাসসের সভাপতি জুলফিকার খান হেলাল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আশরাফুল ইসলাম সাবু,মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান (আফিরুল)।

এ সময় আনন্দবাস ৭ নম্বর ওয়ার্ড বিএনপির বিপুল সংখ্যাক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

কোন রাজনৈতিক দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত– অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার

রাস্ট্র সংস্কারের পর যৌক্তিক সময়ে নির্বাচন হবে। এই যৌক্তিক সময় কতদিন বা কত বছর তা নির্দিষ্ট করে বলা যাবে না। নির্বাচন কমিশন, পুলিশ প্রশাসন ও নির্বাহী বিভাগ সংস্কারের পর সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি হলেই নির্বাচন হতে পারে।

আজ শুক্রবার (২২ নভেম্বর) বিকেলে মেহেরপুরের ড:শহীদ সামনুজ্জোহা পার্কে জামায়াতের কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

তিনি আরও বলেন, বিএনপিসহ দেশের সব রাজনৈতিক সংগঠনের সাথে জামায়াতের গভীর সম্পর্ক রয়েছে। ইসলামী আন্দোলনের দলগুলোসহ সব দলের সাথে সংলাপ চলছে। গণতন্ত্রের স্বার্থে যারা ঐক্যবদ্ধ থাকবে তাদের সাথেই জোটবোদ্ধ নির্বাচন করবে জামায়াত।

ছাত্রলীগের নিষিদ্ধের বিষয়ে তিনি বলেন, ৫ আগস্টের চারদিন আগে

জামায়াতকে নিষিদ্ধ করা হয়েছিল। কিন্তু তারপর চারদিনও টিকতে পারেনি আওয়ামী লীগ ও ছাত্রলীগ। জনরসে পড়ে দেশ ছেড়ে ভারতে পালাতে বাধ্য হয়েছে শেখ হাসিনা ও তার আত্মীয় স্বজন। তার বিচার জনগণই করবে। তারা নির্বাচনে আসতে পারবে কিনা সেটি জনগণের উপর নির্ভর করবে। তবে কোন দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত। আইনি প্রক্রিয়ায় খুনি শেখ হাসিনাকে বিচারের আওতায় এনে শাস্তি কার্যকর করা হবে বলেও তিনি জানান।

জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খানের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাময়াতের কেন্দ্রীয় পরিষদের সদস্য মোবারক হোসাইন ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলার, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক।

কর্মী সম্মেলনে হাজার হাজার জামাত কর্মীরা অংশ নেয়।

মেহেরপুরে পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরে জমকালো আয়োজনে পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুর পৌর বিএনপির আয়োজনে আজ শুক্রবার (২২ নভেম্বর) সকার সাড়ে ১১ টার দিকে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে প্রধান অতিথি হিসেবে খেলার উদ্বোধন করেন সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন।

তিনি বেলুন উড়িয়ে এই টুর্নামেন্টের উদ্বোধন ঘোষণা করেন এবং

খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

ছাত্রনেতা আহমেদ রাজিব খানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, বিএনপি নেতা হাবিব মাহমুদ, হাজী ফজলু খান, গাজী খায়রুল, আবু ইউসুফ মিরন, মনিরুল ইসলাম, আব্দুস সাত্তার মুক্তা এবং জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জাতীয়তাবাদী মহিলা দলের নেত্রী সাইদাতুন নাহার নয়ন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরসহ বিএনপির অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টে মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ড থেকে ৯টি দল এই টুর্নামেন্টে অংশ নিচ্ছে। উদ্বোধনী খেলায় মুখোমুখি হয় ৮ নম্বর ওয়ার্ড ও ৯ নম্বর ওয়ার্ডের দল।

পৌর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্টকে ঘিরে স্থানীয়দের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

মেহেরপুরের বারাদীতে প্যানেল চেয়ারম্যান নিয়ে ষড়যন্ত্র, ইউনিয়ন বিএনপি প্রতিবাদ সমাবেশ

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউপি চেয়ারম্যান গত ৫ই আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সংগ্রামের পর থেকে পলাতক। পরবর্তীতে সরকারিভাবে চেয়ারম্যানকে অব্যাহতি দেয়া হয়। এরপর থেকে প্রশাসক নিয়োগের মাধ্যমে পরিষদের দাপ্তরিক কার্যক্রম চলমান থাকলেও স্থানীয়ভাবে ইউনিয়নবাসী বিভিন্ন রকম সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে এবং ভোগান্তির শিকার হচ্ছে দিনের পর দিন। এ নিয়ে প্যানেল চেয়ারম্যান নির্বাচনকে কেন্দ্র করে ষড়যন্ত্রের প্রতিবাদে সমাবেশ

করেছে ইউনিয়ন বিএনপি ও জনসাধারণ।

আজ বৃহস্পতিবার বিকেলে বারাদী ইউপি কার্যালয় প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। ইউনিয়ন বিএনপির প্রবীণ নেতা আবুল হাশেমের সভাপতিত্বে প্রধান বক্তা ছিলেন সদর থানা যুবদলের সভাপতি লিয়াকত আলী মেম্বার।

প্রতিবাদ সমাবেশে বক্তারা বলেন, প্যানেল চেয়ারম্যান নির্বাচন নিয়ে বিএনপি’র একটি কুচক্রী মহল ব্যক্তিগত স্বার্থ হাসিল ও আত্মসিদ্ধির জন্য আওয়ামীলীগ সমর্থিত ৪ নং ওয়ার্ড সদস্যকে প্যানেল চেয়ারম্যান বানানোর পাঁয়তারা করছে। সারাদেশের আপমর জনতা যখন আওয়ামী দুঃশাসনে নির্যাতিত নিপীড়ত হয়ে রাজপথে আন্দোলন সংগ্রামের মাধ্যমে শেখ হাসিনা সহ তার দোসরদের দেশ থেকে বিতাড়িত করেছে সেখানে বিএনপি’র কতিপয় দালাল আওয়ামী লীগের মেম্বারকে সমর্থন দিয়ে পুরো জাতির সঙ্গে বেইমানি করছে। আমরা তা হতে দেব না, আমরা শক্ত হাতে তা প্রতিহত করব। বারাদী ইউনিয়ন পরিষদ আওয়ামীলীগ সমর্থিত মেম্বার পরিচালনা করবে এটা আমাদের জন্য লজ্জাজনক। ইউনিয়ন বাসীর প্রাণের দাবী বারাদী ইউনিয়নের একমাত্র বিএনপি সমর্থিত মেম্বার কামরুজ্জামান মুকুলকে আমরা প্যানেল চেয়ারম্যান হিসেবে দেখতে চাই।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সাবেক ইউপি সদস্য আশরাফুজ্জামান আলিহিম মেম্বার, ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুমায়ুন কবির, যুবদল নেতা শফি আহমেদ শফি, ইউনিয়ন যুবদলের সভাপতি লাল মহাম্মদ, ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি সোহানুর রহমান যুবদল নেতা আসলাম আলী বিএনপি নেতা আইয়ুব আলী।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইউনিয়ন যুবদলের সাংগঠনিক সম্পাদক আলমগীর কবির জয়নাল। এ সময় উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপি’র বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃৃন্দরাও ।

মেহেরপুরে জামায়াতের কর্মী

সম্মেলন সফল করতে প্রস্তুতি মিছিল

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ২২ নভেম্বর অনুষ্ঠিতব্য কর্মী সম্মেলন সফল করার লক্ষ্যে একটি বর্ণাঢ্য মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) বিকেল ৪ টার দিকে শহরের জেলা মডেল মসজিদ চত্বর থেকে মিছিলটি বের হয়। শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে এসে মিছিলটি শেষ হয়।

মিছিলের নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন।

এসময় মিছিলে মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা কর্মী সম্মেলনের গুরুত্ব তুলে ধরে বলেন, “এই সম্মেলনের মাধ্যমে দলীয় কার্যক্রমকে আরও শক্তিশালী করা হবে এবং কর্মীদের উদ্দীপনা বৃদ্ধি পাবে।

মুজিবনগরে কৃষি প্রণোদনা কর্মসূচির উদ্বোধন

মুজিবনগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পক্ষ থেকে ২০২৪-২৫ অর্থবছরের রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) দুপুর ২ টার সময় উপজেলা প্রশাসন ও

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজনর উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি প্রণোদনার বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

এ সময় আরও উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর (শের খান), প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক, কৃষি অফিসের কর্মকর্তা-কর্মচারী এবং উপজেলা প্রান্তিক চাষিরা।

উপজেলা কৃষি অফিস সুত্রে জানাগেছে, ২০২৪-২৫ অর্থ বছরে রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, পেঁয়াজ, হাইব্রিড ধান, মসুর বীজ, চাষে প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ৪ হাজার ৪৬০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে ২ হাজার ৬৬০ কেজি বীজ বিতরণ করা হবে।

এসব কৃষকদের মাঝে জন প্রতি ১-২ কেজি করে বীজ ও ১০ কেজি এমওপি এবং ১০ কেজি ডিএপি রাসায়নিক সার পর্যায়ক্রমে বিতরণ করা হবে।

মেহেরপুরে পিপির নিয়োগ প্রত্যাহারের দাবীতে মানববন্ধন

হোটেল আটলান্টিকার নারী কেলেঙ্কারির অভিযুক্ত আসামীকে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর ও মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি পদ থেকে মোস্তাফিজুর রহমান তুহিনকে অপসারণের দাবীতে মেহেরপুরে মানবন্ধন করেছে বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখা।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) সকাল সাড়ে ১১ টার দিকে জেলা প্রশাসকের কাযার্লয় চত্তরে এ কর্মসূচী পালন করে তারা। তাকে প্রত্যাহার না করা হলে বৃহত্তর আন্দোলনের ঘোষনা দেন তারা।

মানবন্ধনে বক্তব্য রাখেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিক উল আলম ও সাধারণ সম্পাদক মোছাঃ দিলারা পারভীন।

এ সময় তারা বলেন, সামাজিক অবক্ষয় দিন দিন বেড়ে চলেছে। এমন এক ব্যক্তি, যিনি সামাজিক অবক্ষয় ও নারী কেলেঙ্কারির সঙ্গে সরাসরি জড়িত এবং সেই মামলার এক নম্বর আসামি, তাকে কীভাবে একই আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) হিসেবে নিয়োগ দেওয়া হলো? এটি সত্যিই বিস্ময়কর ও প্রশ্নবিদ্ধ। একজন ব্যক্তি, যিনি নারী কেলেঙ্কারির মামলায় অভিযুক্ত এবং বিচারাধীন, তাকে এমন দায়িত্ব দেওয়া কীভাবে সম্ভব? সাধারণ জনগণ এ ধরনের সিদ্ধান্ত মেনে নিতে পারছে না এবং এতে ন্যায়বিচারের প্রতি আস্থা আরও দুর্বল হয়ে পড়ছে।

উল্লেখ্য, মোস্তাফিজুর রহমান তুহিন ওরফে তুহিন আরন্য একটি স্যাটেলাইট টেলিভিশনের স্টাফ রিপোর্টার হিসেবেও দায়িত্ব পালন করছেন। তার বিরুদ্ধে পর্নগ্রাফি ও চাঁদাবাজির অভিযোগে দুটি মামলা চলমান। এ মামলায় তিনি এক সপ্তাহ হাজত বাসও করেছেন। এনিয়ে বিভিণ্ণ গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয় ওই সময়ে।

মুজিবনগর উপজেলা কৃষক দলের প্রস্তুতি সভা

আগামী ২২ শে নভেম্বর জেলা কৃষকদলের বর্ধিত সভা উপলক্ষে মুজিবনগর উপজেলা কৃষকদলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২০ নভেম্বর) বিকালে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় মেহেরপুর জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদের সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, গাংনী উপজেলা কৃষক দলের সভাপতি মোতালেব হোসেন, সাধারণ সম্পাদক

মোখলেচুর রহমান মুকুল।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী, সিনিয়র সহ-সভাপতি রমজান আলী মেম্বার, সহ-সভাপতি সাব্দার আলী, সাধারন সম্পাদক কুন্নুত আলী, মোনাখালী ইউনিয়ন কৃষকদলের সভাপতি আশা, দারিয়াপুর ইউনিয়ন কৃষকদলের সভাপতি রিপন আলী, সাধারন সম্পাদক হাবিবুর রহমান প্রমুখ।

এ সময় মুজিবনগর উপজেলা ও ইউনিয়ন কৃষকদলের সকল নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

পুলিশের নতুন আইজিপি বাহারুল আলম

পুলিশের ৩৩তম মহাপরিদর্শক (আইজিপি) হয়েছেন বাহারুল আলম। তিনি একসময় পুলিশের বিশেষ শাখার (এসবি) প্রধান ছিলেন।

এদিকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের নতুন কমিশনার হয়েছেন আওয়ামী লীগ সরকারের আমলে চাকরি হারানো অতিরিক্ত আইজিপি শেখ মো. সাজ্জাদ আলী।

আজ বুধবার (২০ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর পুলিশে বড় রদবদল হয়। তখন পুলিশের ৩২তম মহাপরিদর্শক (আইজিপি) হিসেবে নিয়োগ পান ট্রাফিক অ্যান্ড ড্রাইভিং স্কুলের কমান্ড্যান্ট মো. ময়নুল ইসলাম। আর ৩৭তম ডিএমপি কমিশনার হন মো. মাইনুল হাসান।

জানা গেছে, পুলিশপ্রধান হিসেবে নতুন দায়িত্ব পাওয়া বাহারুল আলম একসময় এসবির প্রধান ছিলেন। দুই দফা পদোন্নতিবঞ্চিত এই কর্মকর্তা ২০২০ সালে অবসরে যান। ২০০৯ থেকে ২০১৩ সাল পর্যন্ত জাতিসংঘ সদরদপ্তরের শান্তিরক্ষা বিভাগে পুলিশ লিয়াজোঁ অফিসার হিসেবে কর্মরত ছিলেন তিনি। ২০১৫ সালে আফগানিস্তানে জাতিসংঘ শান্তিরক্ষা

মিশনের সিনিয়র পুলিশ অ্যাডভাইজার হিসেবে কাজ করেন। এর আগে ক্রোয়েশিয়া, সার্বিয়া, কসোভো ও সিয়েরা লিওনে দায়িত্ব পালন করেন।

অন্যদিকে সাজ্জাদ আলী বিসিএস পুলিশ ক্যাডারে ১৯৮৪ সালে পুলিশে কর্মজীবন শুরু করেন। তিনি একসময় ডিএমপির তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার ছিলেন। তা ছাড়া সাজ্জাত আলী লক্ষ্মীপুরের পুলিশ সুপার ছিলেন। চাকরি জীবনে তিনি চট্টগ্রাম ও ঢাকা রেঞ্জের ডিআইজি ছিলেন। এ ছাড়া হাইওয়ে পুলিশ গঠন হলে সেখানেও ডিআইজির দায়িত্ব পান। পরবর্তীতে অতিরিক্ত আইজিপি হিসেবে পুলিশ সদরদপ্তরে কর্মরত ছিলেন। মেধাবী, কর্মঠ ও সৎ পুলিশ অফিসার হিসেবে বাহিনীতে সুনাম আছে সাজ্জাত আলীর। পুলিশের এই কর্মকর্তার বাড়ি ঝিনাইদহের শৈলকূপায়।

গত সোমবার শেখ মো. সাজ্জাত আলীর চাকরি পুনর্বহাল করে অন্তর্বর্তী সরকার। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১-এর মামলা নম্বর ৩৩/২০১৭-এর ৩ সেপ্টেম্বরের রায় অনুযায়ী পুলিশের সাবেক অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (চলতি দায়িত্ব) শেখ মো. সাজ্জাত আলীকে ২০১৬ সালের ৩ সেপ্টেম্বর থেকে ভূতাপেক্ষভাবে চাকরিতে পুনর্বহাল হিসেবে গণ্য করা হলো। তিনি আদালতের আদেশানুযায়ী সব প্রাপ্য বেতন-ভাতাদি এবং অবসরজনিত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

সূত্র: কালবেলা